কালের কণ্ঠ

14 OCT 2016
পৃঃ ৭ কলাম ১

সিলেটে শিক্ষামন্ত্রী

# শিক্ষকদের ওপর নজরদারি বাড়াতে হবে

সিলেট অফিস ▷

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'জঙ্গিবাদ প্রতিরোধে শুধু শিক্ষার্থী নয় শিক্ষকদেরও নজরদারিতে আনতে হবে। শিক্ষকদের ওপর নজরদারি বাড়াতে হবে।' তিনি বলেন, 'জঙ্গি-সন্ত্রাসবাদের বিরুদ্ধে শিক্ষক-শিক্ষার্থী-অভিভাবকসহ সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। এ ক্ষেত্রে শিক্ষকদের কার্যকর ভূমিকা পালন করতে হবে।'

গতকাল বৃহস্পতিবার দুপুরে সিলেট শিক্ষা বোর্ড আয়োজিত 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন' শীর্ষক এক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী শিক্ষকদের উদ্দেশে বলেন, শিক্ষার্থীদের শুধু মাথায় জ্ঞান ভরে দিলে চলবে না। তাদের ইসলামী মূল্যবোধ, সৎ-চরিত্রবান, দেশপ্রেমে উজ্জীবিত ও সুশিক্ষায় শিক্ষিত একজন আদর্শ পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তুলতে হবে।

কলেজ ছাত্রী খাদিজা আক্তার নার্গিসের ওপর হামলার কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী বলেন, 'এ ঘটনা প্রমাণ করে শিক্ষাপ্রতিষ্ঠানেও ছাত্রীরা নিরাপদ নয়।' তিনি বলেন, 'শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গড়ে তুলতে হবে।'